Project Description: Rape is a big problem in Bangladesh. Rape news is published every day in the country. This report provides a contemporary data analysis of rape in Bangladesh. The report shows how the level of rape is increasing daily in Bangladesh. Here's a comprehensive analysis of how impunity in rape cases in the country drives criminals to further rape. The report also shows the record and recent data on the ever-increasing rate of rape in Bangladesh. This report analyzes how to bring the rapist to justice and how to stop the rape. Basically, this report analyzes the increasing trend of rape in Bangladesh.

My Responsibility: While writing this article I was asked to use strictly recent incidents and data. Besides, the data sources were asked to be collected from very good sources. The report sought to shed light on the causes of rape, solutions and why the crime goes unpunished. It is asked to find out the rate of rape in different periods in Bangladesh and how much it has increased in the present time. Besides, I had to use a different angle while writing this article. Because this type of writing is always fairly published, so my writing was said to bring new information to the fore. This article was published on 18 November 2022.

Research Copy:



Photo 22: Research Copy

My Copy:

দেশে ধর্ষণ বাড়ছে কেন?

ধর্ষণ, বাংলাদেশের নিত্যদিনের খবরের নিয়মিত শব্দ। প্রত্যকদিন সংবাদের পাতা কিংবা টিভির পর্দায় এক থেকে একাধিক ধর্ষণের খবর প্রকাশিত হয়। এই তো ১১ই অক্টোবর রাজধানীর শুক্রাবাদ এলাকায়,বাসায় ডেকে এক বিউটিশিয়ানকে ধর্ষণের ঘটনা ঘটেছে। বিউটিশিয়ান মহিলাটি ছিলেন অন্তঃসত্ত্বা । একজন অন্তঃসত্ত্বা নারীও পাচ্ছেনা এই হায়নাদের থেকে রক্ষা। পাবেইবা কেন, যে সমাজ এখনো নারীকে দেখে বস্তু হিসেবে, নারীকে দাবিয়ে রাখার মানসিকতা থেকেই বের হতে পারেনা সে সমাজে নারীর প্রতি এমন হিংস্র হায়েনারা ওত পেতেই থাকবে। শিশু, কিশোরী,তরুণী, মাঝবয়সী, বৃদ্ধা কোন বয়সের নারীই রক্ষা পাচ্ছেনা এমন কুলাঙ্গারের হাত থেকে। তাইতো পত্রিকা খুললেই, টিভি খুললেই প্রতিনিয়ত শুনতে হয় ধর্ষণের খবর।

বাংলাদেশে ধর্ষণের উপর অনেক সময় অনেক পরিসংখ্যান করা হয়েছে। ২০২১ সালের দিকে যদি তাকাই, জানুয়ারি থেকে ডিসেম্বরে ধর্ষণের শিকার হয়েছেন ১ হাজার ২৩৫ জন। এর মধ্যে ৬২৯ জন কন্যাশিশুসহ ১ হাজার ১৮ জন ধর্ষণের শিকার, ৬২ জন কন্যাশিশুসহ ১৭৯ জন দলবদ্ধ ধর্ষণের শিকার, ২২ জন কন্যাশিশুসহ ধর্ষণের পর হত্যার শিকার ৩১ জন, ধর্ষণের কারণে আত্মহত্যা করেছেন ৭ জন। এ ছাড়া ১৪ জন কন্যাশিশুসহ ৩৩ জন শ্লীলতাহানির শিকার

হয়েছেন। ২৩ জন কন্যাশিশুসহ ৬৩ জন সাইবার অপরাধের শিকার হয়েছে। আইন ও সালিশ কেন্দ্রের (আসক) পরিসংখ্যান অনুযায়ী, ২০২১ সালে সারা দেশে ধর্ষণ ও সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন ১ হাজার ৩২১ জন নারী। এর মধ্যে ধর্ষণ-পরবর্তী হত্যার শিকার হয়েছেন ৪৭ জন এবং ধর্ষণের পর আত্মহত্যা করেছেন ৯ জন। বিভিন্ন ক্ষেত্রে যৌন হয়রানি ও উত্ত্যক্তকরণের শিকার হয়েছেন ১২৮ নারী। আর এই ২০২২ সালে এসে সেই সংখ্যা আরও বেড়েছে।

দেশ নারীবান্ধব হচ্ছেনা তা উপরের পরিসংখ্যান থেকেই বোঝা যায়। আমাদের দেশে নারীরা কোন দিক দিয়েই নিরাপদবোধ করেন না। চলন্ত বাসে ধর্ষণ, কর্মক্ষেত্রে যৌণ হয়রানি, সামাজিক মাধ্যমে যৌন হয়রানি, নিজের বাসায় থেকেও অনেক সময় নিরাপদ নয় নারী। কিন্তু কেন, একান্তই কি ধর্ষণ ঘটে যৌন লালসার জন্যে?না, গবেষণা বলছে অনেক পুরুষ ধর্ষণ করেন নারীর প্রতি ক্ষমতার বহিঃপ্রকাশ করতে। ১৯৭৫ সালে নারীবাদী লেখক সুসান ব্রাউন মিলার বলেন, ধর্ষণের সঙ্গে যৌন লালসার সম্পর্ক নেই, যা আছে তা হলো নিয়ন্ত্রণ করা এবং দাবিয়ে রাখা, ডমিনেট করা। এবং যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব দ্য সাউথের মনোবিজ্ঞান বিষয়ের অধ্যাপক ও গবেষক শেরি হ্যাম্বির মতামতও ঠিক একই, তিনিও মনে করেন যৌন নির্যাতন, যৌন তৃপ্তি বা যৌন আকাঙ্ক্ষার জন্য ধর্ষণ ঘটে না। বরং মানুষকে দমন করা এবং ক্ষমতা প্রদর্শনের ভাব থেকে ঘটে থাকে।

বাংলাদেশ এখনো পুরুষতান্ত্রিক সমাজ। এখনো এদেশে নারীর প্রতি পুরুষের দৃষ্টিভঙ্গি পাল্টায়নি এক চুলও। এবং খুব দুঃখ করেই বলতে হয়, এদেশের শিক্ষিত পুরুষরাও নারীর ক্ষমতায়নকে কটু চোখে দেখে। তাইতো এখনকার শিক্ষিত তরুণ সমাজও নারীর পোশাকের বিরুদ্ধে প্লাকার্ড হাতে দাঁড়াতে পারে। যতদিন নারীর ক্ষমতায়ন এবং নারীর প্রতি পুরুষের ক্ষমতা প্রদর্শনের রীতি পরিবর্তন হবেনা ততদিন ধর্ষণের মত নিকৃষ্ট কাজ থামানো যাবেনা। ধর্ষণ পুরুষত্ব দেখানোর একটি মানসিক ব্যাধিও। এছাড়া বিচারব্যবস্থায় পক্ষপাতিত্ব ধর্ষণ বাড়াচ্ছে। এবং অনেক সময় ক্ষমতার কেন্দ্রে থেকে রাজনৈতিক সংস্পর্শে এসে অনেক অপরাধী ধর্ষণ করেও বিচার ব্যবস্থার বাইরে থাকে, যা সমাজে ভুল তথ্য সরবরাহ করে। অনেক মানবাধিকার কর্মী মনে করেন এই অপরাধীদের যদি নিশ্চিত আইনের আওতায় আনা যায় তাহলে ধর্ষণ কমে যাবে। আইনের আওতায় আসবেনা কিংবা দেশে আইনের ফাঁক দিয়ে বেরিয়ে যেতে পারবে ভেবেও অনেকে এ ধরণের অপরাধে জড়ায়। অর্থাৎ নারীর প্রতি এই ধরণের জঘন্য অপরাধের শাস্তি অনিবার্য করতে হবে। কেউ যেন ছাড় না পায় সেটি প্রতিষ্ঠিত করতে হবে।

ধর্ষণ থামাতে হবে। ধর্ষণের বিরুদ্ধে এত সোচ্চার হওয়ার পরেও কেন ধর্ষণ থামছেনা, এই প্রশ্ন খুঁজে বের করতে হবে এখনি। নারীর নিরাপত্তা জোড়দার করতে হবে এই বলে বলে গলা শুকিয়ে গেছে,বরং বাস্তবিক প্রয়োগ ঘটাতে হবে। দেশের প্রধানমন্ত্রী নারী, যিনি নারী ক্ষমতায়নে রেখেছেন অবদান, তার দেশে নারীর প্রতি এত সহিংসতা, ধর্ষণ মেনে নেয়া যায়না। সমাজকে নারী বন্ধব করার সময় এসেছে এখনি,এই মুহুর্তে। ওত পেতে থাকা হায়নাদের থামাতে হবে। ধর্ষণ, নারী

নির্যাতনের বিরুদ্ধে আইনকে হতে হবে কঠোর, এবং এই পরিপ্রেক্ষিতে সব মামলার সুষ্ঠ তদন্ত এবং বাস্তবিক প্রয়োগ দেখাতে হবে। এই হায়ানাদের এখানেই থামাতে হবে।

Edited Copy:

এই হায়নাদের থামাতে হবে

ধর্ষণ, বাংলাদেশের নিত্যদিনের খবরের নিয়মিত শব্দ। প্রত্যকদিন সংবাদের পাতা কিংবা টিভির পর্দায় এক থেকে একাধিক ধর্ষণের খবর প্রকাশিত হয়। এই তো ১১ই অক্টোবর রাজধানীর শুক্রাবাদ এলাকায়,বাসায় ডেকে এক বিউটিশিয়ানকে ধর্ষণের ঘটনা ঘটেছে। বিউটিশিয়ান মহিলাটি ছিলেন অন্তঃসত্ত্বা । একজন অন্তঃসত্ত্বা নারীও পাচ্ছেনা এই হায়নাদের থেকে রক্ষা। পাবেইবা কেন, যে সমাজ এখনো নারীকে দেখে বস্তু হিসেবে, নারীকে দাবিয়ে রাখার মানসিকতা থেকেই বের হতে পারেনা সে সমাজে নারীর প্রতি এমন হিংস্র হায়েনারা ওত পেতেই থাকবে। শিশু, কিশোরী,তরুণী, মাঝবয়সী, বৃদ্ধা কোন বয়সের নারীই রক্ষা পাচ্ছেনা এমন কুলাজ্ঞারের হাত থেকে। তাইতো পত্রিকা খুললেই, টিভি খুললেই প্রতিনিয়ত শুনতে হয় ধর্ষণের খবর।

বাংলাদেশে ধর্ষণের উপর অনেক সময় অনেক পরিসংখ্যান করা হয়েছে। ২০২১ সালের পরিসংখ্যানের দিকে যদি তাকাই, জানুয়ারি থেকে ডিসেম্বরে ধর্ষণের শিকার হয়েছেন ১ হাজার ২৩৫ জন। এর মধ্যে ৬২৯ জন কন্যাশিশুসহ ১ হাজার ১৮ জন ধর্ষণের শিকার, ৬২ জন কন্যাশিশুসহ ১৭৯ জন দলবদ্ধ ধর্ষণের শিকার, ২২ জন কন্যাশিশুসহ ধর্ষণের পর হত্যার শিকার ৩১ জন, ধর্ষণের কারণে আত্মহত্যা করেছেন ৭ জন। এ ছাড়া ১৪ জন কন্যাশিশুসহ ৩৩ জন শ্লীলতাহানির শিকার হয়েছেন। ২৩ জন কন্যাশিশুসহ ৬৩ জন সাইবার অপরাধের শিকার হয়েছে। আইন ও সালিশ কেন্দ্রের (আসক) পরিসংখ্যান অনুযায়ী, ২০২১ সালে সারা দেশে ধর্ষণ ও সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন ১ হাজার ৩২১ জন নারী। এর মধ্যে ধর্ষণ-পরবর্তী হত্যার শিকার হয়েছেন ৪৭ জন এবং ধর্ষণের পর আত্মহত্যা করেছেন ৯ জন। বিভিন্ন ক্ষেত্রে যৌন হয়রানি ও উত্ত্যক্তকরণের শিকার হয়েছেন ১২৮ নারী। আর এই ২০২২ সালে এসে সেই সংখ্যা আরও বেড়েছে।

দেশ নারীবান্ধব হচ্ছেনা তা উপরের পরিসংখ্যান থেকেই বোঝা যায়। আমাদের দেশে নারীরা কোন দিক দিয়েই নিরাপদবোধ করেন না। চলন্ত বাসে ধর্ষণ, কর্মক্ষেত্রে যৌণ হয়রানি, সামাজিক মাধ্যমে যৌন হয়রানি, নিজের বাসায় থেকেও অনেক সময় নিরাপদ নয় নারী। কিন্তু কেন, একান্তই কি ধর্ষণ ঘটে যৌন লালসার জন্যে?না, গবেষণা বলছে অনেক পুরুষ ধর্ষণ করেন নারীর প্রতি ক্ষমতার বহিঃপ্রকাশ করতে। ১৯৭৫ সালে নারীবাদী লেখক সুসান ব্রাউন মিলার বলেন, ধর্ষণের সঙ্গে যৌন লালসার সম্পর্ক নেই, যা আছে তা হলো নিয়ন্ত্রণ করা এবং দাবিয়ে রাখা, ডমিনেট করা। এবং যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব দ্য সাউথের মনোবিজ্ঞান বিষয়ের অধ্যাপক ও গবেষক শেরি হ্যাম্বির মতামতও ঠিক একই, তিনিও মনে করেন যৌন নির্যাতন, যৌন তৃপ্তি বা যৌন আকাঙ্ক্ষার জন্য ধর্ষণ ঘটে না। বরং মানুষকে দমন করা এবং ক্ষমতা প্রদর্শনের ভাব থেকে ঘটে থাকে।

বাংলাদেশ এখনো পুরুষতান্ত্রিক সমাজ। এখনো এদেশে নারীর প্রতি পুরুষের দৃষ্টিভঙ্গি পাল্টায়নি এক চুলও। এবং খুব দুঃখ করেই বলতে হয়, এদেশের শিক্ষিত পুরুষরাও নারীর ক্ষমতায়নকে কটু চোখে দেখে। তাইতো এখনকার শিক্ষিত তরুণ সমাজও নারীর পোশাকের বিরুদ্ধে প্লাকার্ড হাতে দাঁড়াতে পারে। যতদিন নারীর ক্ষমতায়ন এবং নারীর প্রতি পুরুষের ক্ষমতা প্রদর্শনের রীতি পরিবর্তন হবেনা ততদিন ধর্ষণের মত নিকৃষ্ট কাজ থামানো যাবেনা। ধর্ষণ শুধুমাত্র যৌন লালসা থেকেই হয়না, ধর্ষণ পুরুষত্ব দেখানোর একটি মানসিক ব্যাধিও। এছাড়া বিচারব্যবস্থায় পক্ষপাতিত্ব ধর্ষণ বাড়াচ্ছে। এবং অনেক সময় ক্ষমতার কেন্দ্রে থেকে রাজনৈতিক সংস্পর্শে এসে অনেক অপরাধী ধর্ষণ করেও বিচার ব্যবস্থার বাইরে থাকে, যা সমাজে ভুল তথ্য সরবরাহ করে। অনেক মানবাধিকার কর্মী মনে করেন এই অপরাধীদের যদি নিশ্চিত আইনের আওতায় আনা যায় তাহলে ধর্ষণ কমে যাবে। আইনের আওতায় আসবেনা কিংবা দেশে আইনের ফাঁক দিয়ে বেরিয়ে যেতে পারবে ভেবেও অনেকে এ ধরণের অপরাধে জড়ায়। অর্থাৎ নারীর প্রতি এই ধরণের জঘন্য অপরাধের শাস্তি অনিবার্য করতে হবে। কেউ যেন ছাড় না পায় সেটি প্রতিষ্ঠিত করতে হবে।

ধর্ষণ থামাতে হবে। ধর্ষণের বিরুদ্ধে এত সোচ্চার হওয়ার পরেও কেন ধর্ষণ থামছেনা, এই প্রশ্ন খুঁজে বের করতে হবে এখনি। নারীর নিরাপত্তা জোড়দার করতে হবে এই বলে বলে গলা শুকিয়ে গেছে,বরং বাস্তবিক প্রয়োগ ঘটাতে হবে। দেশের প্রধানমন্ত্রী নারী, যিনি নারী ক্ষমতায়নে রেখেছেন অবদান, তার দেশে নারীর প্রতি এত সহিংসতা, ধর্ষণ মেনে নেয়া যায়না। সমাজকে নারী বন্ধব করার সময় এসেছে এখনি,এই মুহুর্তে। ওত পেতে থাকা হায়নাদের থামাতে হবে। ধর্ষণ, নারী নির্যাতনের বিরুদ্ধে আইনকে হতে হবে কঠোর, এবং এই পরিপ্রেক্ষিতে সব মামলার সুষ্ঠ তদন্ত এবং বাস্তবিক প্রয়োগ দেখাতে হবে। এই হায়ানাদের এখানেই থামাতে হবে।

Published Copy:

দৈনিক সংবাদ সারাবেলা

মানুষের কথা বলে

মতামত

এই হায়েনাদের থামাতে হবে

উম্মে হানী

ধর্ষণ, বাংলাদেশের নিত্যদিনের খবরের নিয়মিত শব্দ। প্রত্যেক দিন সংবাদের পাতা কিংবা টিভির পর্দায় এক থেকে একাধিক ধর্ষণের খবর প্রকাশিত হয়। এই তো ১১ অক্টোবর রাজধানীর তজুমবাদ এলাকায়, বাসায় ডেকে এক বিউটিশিয়ানকে ধর্ষণের ঘটনা ঘটেছে। বিউটিশিয়ান মহিলাটি ছিলেন অন্তঃসত্ত্বা। একজন অন্তঃসত্ত্বা নারীও পাচ্ছেন না এই হায়েনাদের থেকে রক্ষা। পাবেনইবা কেন, যে সমাজ এখনো নারীকে দেখে বস্তু হিসেবে, নারীকে দাবিয়ে রাখার মানসিকতা থেকেই বের হতে পারে না সে সমাজে নারীর প্রতি এমন হিংস্র হায়েনারা ওঁৎ পেতেই থাকবে। শিশু, কিশোরী, তরুণী, মাঝ বয়সী, বৃদ্ধা কোন বয়সের নারীই রক্ষা পাচ্ছে না এমন কুলাঙ্গারের হাত থেকে। তাইতো পত্রিকা খুললেই, টিভি খুললেই প্রতিনিয়ত শুনতে হয় ধর্ষণের খবর।

বাংলাদেশে ধর্ষণের উপর অনেক সময় অনেক পরিসংখ্যান করা হয়েছে। ২০২১ সালের পরিসংখ্যানের দিকে যদি তাকাই, জানুয়ারি থেকে ডিসেম্বরে ধর্ষণের শিকার হয়েছেন ১ হাজার ২৩৫ জন। এর মধ্যে ৬২৯ জন কন্যাশিশুসহ ১ হাজার ১৮ জন ধর্ষণের শিকার, ৬২ জন কন্যাশিশুসহ ১৭৯ জন দলবদ্ধ ধর্ষণের শিকার, ২২ জন কন্যাশিশুসহ ধর্ষণের পর হত্যার শিকার ৩১ জন, ধর্ষণের কারণে আত্মহত্যা করেছেন ৭ জন। এ ছাড়া ১৪ জন কন্যাশিশুসহ ৩৩ জন শ্লীলতাহানির শিকার হয়েছেন। ২৩ জন কন্যাশিশুসহ ৬৩ জন সাইবার অপরাধের শিকার হয়েছে। আইন ও সালিশ কেন্দ্রের (আসক) পরিসংখ্যান অনুযায়ী, ২০২১ সালে সারাদেশে ধর্ষণ ও সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন ১ হাজার ৩২১ নারী। এর মধ্যে ধর্ষণ-পরবর্তী হত্যার শিকার হয়েছেন ৪৭ জন এবং ধর্ষণের পর আত্মহত্যা করেছেন ৯ জন। বিভিন্ন ক্ষেত্রে যৌন হয়রানি ও উত্ত্যক্তকরণের শিকার হয়েছেন ১২৮ নারী। আর এই ২০২২ সালে এসে সেই সংখ্যা আরও বেড়েছে।

দেশ নারীবান্ধব হচ্ছে না তা উপরের পরিসংখ্যান থেকেই বোঝা যায়। আমাদের দেশে নারীরা কোন দিক দিয়েই নিরাপদবোধ করেন না। চলন্ত বাসে ধর্ষণ, কর্মক্ষেত্রে যৌন হয়রানি, সামাজিক মাধ্যমে যৌন হয়রানি, নিজের বাসায় থেকেও অনেক সময় নিরাপদ নয় নারী। কিন্তু কেন, একান্তই কি ধর্ষণ ঘটে যৌন লালসার জন্যে? না, গবেষণা বলছে অনেক পুরুষ ধর্ষণ করেন নারীর প্রতি ক্ষমতার বহিঃপ্রকাশ করতে। ১৯৭৫ সালে নারীবাদী লেখক সুসান ব্রাউন মিলার বলেন, ধর্ষণের সঙ্গে যৌন লালসার সম্পর্ক নেই, যা আছে তা হলো নিয়ন্ত্রণ করা এবং দাবিয়ে রাখা, ডমিনেট করা। যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব দ্য সাউথের মনোবিজ্ঞান বিষয়ের অধ্যাপক ও গবেষক শেরি হ্যামিল মতামতও ঠিক একই। তিনিও মনে করেন যৌন নির্যাতন, যৌন তৃপ্তি বা যৌন আকাঙ্ক্ষার জন্য ধর্ষণ ঘটে না। বরং মানুষকে দমন করা এবং ক্ষমতা প্রদর্শনের ভাব থেকে ঘটে থাকে।

বাংলাদেশ এখনো পুরুষতান্ত্রিক সমাজ। এখনো এদেশে নারীর প্রতি পুরুষের দৃষ্টিভঙ্গি পাল্টায়নি এক চুলও এবং খুব দুঃখ করেই বলতে হয়, এদেশের শিক্ষিত পুরুষরাও নারীর ক্ষমতায়নকে কটু চোখে দেখে। তাইতো এখনকার শিক্ষিত তরুণ সমাজও নারীর পোশাকের বিরুদ্ধে প্লাকার্ড হাতে দাঁড়াতে পারে। যতদিন নারীর ক্ষমতায়ন এবং নারীর প্রতি পুরুষের ক্ষমতা প্রদর্শনের রীতি পরিবর্তন হবে না ততদিন ধর্ষণের মতো নিকৃষ্ট কাজ থামানো যাবে না। ধর্ষণ শুধুমাত্র যৌন লালসা থেকেই হয় না, ধর্ষণ পুরুষত্ব দেখানোর একটি মানসিক ব্যাধিও। এছাড়া বিচারব্যবস্থায় পক্ষপাতিত্ব ধর্ষণ বাড়াচ্ছে এবং অনেক সময় ক্ষমতার কেন্দ্রে থেকে রাজনৈতিক সংস্পর্শে এসে অনেক অপরাধী ধর্ষণ করেও বিচার ব্যবস্থার বাইরে থাকে, যা সমাজে ভুল তথ্য সরবরাহ করে। অনেক মানবাধিকার কর্মী মনে করেন এই অপরাধীদের যদি নিশ্চিত আইনের আওতায় আনা যায় তাহলে ধর্ষণ কমে যাবে। আইনের আওতায় আসবে না কিংবা দেশে আইনের ফাঁক দিয়ে বেরিয়ে যেতে পারবে ভেবেও অনেকে এ ধরণের অপরাধে জড়ায়। অর্থাৎ নারীর প্রতি এই ধরনের জঘন্য অপরাধের শাস্তি অনিবার্য করতে হবে। কেউ যেন ছাড় না পায় সেটি প্রতিষ্ঠিত করতে হবে।

ধর্ষণ থামাতে হবে। ধর্ষণের বিরুদ্ধে এত সোচ্চার হওয়ার পরেও কেন ধর্ষণ থামছে না, এই প্রশ্ন খুঁজে বের করতে হবে এখনি। নারীর নিরাপত্তা জোরদার করতে হবে এই বলে বলে গলা শুকিয়ে গেছে,বরং বাস্তবিক প্রয়োগ ঘটাতে হবে। দেশের প্রধানমন্ত্রী নারী, যিনি নারী ক্ষমতায়নে রেখেছেন অবদান, তার দেশে নারীর প্রতি এত সহিংসতা, ধর্ষণ মেনে নেয়া যায় না। সমাজকে নারী বান্ধব করার সময় এসেছে এখনি ,এই মুহূর্তে। ওঁৎ পেতে থাকা হায়নাদের থামাতে হবে। ধর্ষণ, নারী নির্যাতনের বিরুদ্ধে আইনকে হতে হবে কঠোর, এবং এই পরিপ্রেক্ষিতে সব মামলার সুষ্ঠু তদন্ত এবং বাস্তবিক প্রয়োগ দেখাতে হবে। এই হায়েনাদের এখানেই থামাতে হবে।

লেখক: জুনিয়র ইন্টার্ন

Photo 23: E-paper Copy

এই হায়েনাদের থামাতে হবে

উম্মে হানী

ধর্ষণ, বাংলাদেশের নিত্যদিনের খবরের নিয়মিত শব্দ। প্রত্যেক দিন সংবাদের পাতা কিংবা টিভির পর্দায় এক থেকে একাধিক ধর্ষণের খবর প্রকাশিত হয়। এই তো ১১ অক্টোবর রাজধানীর শুক্রাবাদ এলাকায়, বাসায় ডেকে এক বিউটিশিয়ানকে ধর্ষণের ঘটনা ঘটেছে। বিউটিশিয়ান মহিলাটি ছিলেন অন্তঃসত্ত্বা। একজন অন্তঃসত্ত্বা নারীও পাচ্ছেন না এই হায়েনাদের থেকে রক্ষা। পাবেনইবা কেন, যে সমাজ এখনো নারীকে দেখে বস্তু হিসেবে, নারীকে দাবিয়ে রাখার মান-সিকতা থেকেই বের হতে পারে না সে সমাজে নারীর প্রতি এমন হিংস্র হায়েনারা ওঁৎ পেতেই থাকবে। শিশু, কিশোরী, তরুণী, মাঝ বয়সী, বৃদ্ধা কোন বয়সের নারীই রক্ষা পাচ্ছে না এমন কুলাঙ্গারের হাত থেকে। তাইতো পত্রিকা খুললেই, টিভি খুললেই প্রতিনিয়ত শুনতে হয় ধর্ষণের খবর।

বাংলাদেশে ধর্ষণের উপর অনেক সময় অনেক পরিসংখ্যান করা হয়েছে। ২০২১ সালের পরিসংখ্যানের দিকে যদি তাকাই, জানুয়ারি থেকে ডিসেম্বরে ধর্ষণের শিকার হয়েছেন ১ হাজার ২৩৫ জন। এর মধ্যে ৬২৯ জন কন্যাশিশুসহ ১ হাজার ১৮ জন ধর্ষণের শিকার, ৬২ জন কন্যাশিশুসহ ১৭৯ জন দলবদ্ধ ধর্ষণের শিকার, ২২ জন কন্যাশিশুসহ ধর্ষণের পর হত্যার শিকার ৩১ জন,. ধর্ষণের কারণে আত্মহত্যা করেছেন ৭ জন। এ ছাড়া ১৪ জন কন্যাশিশুসহ ৩৩ জন শ্লীলতাহানির শিকার হয়েছেন। ২৩ জন কন্যাশিশুসহ ৬৩ জন সাইবার অপরাধের শিকার হয়েছে। আইন ও সালিশ কেন্দ্রের (আসক) পরিসংখ্যান অনুযায়ী, ২০২১ সালে সারাদেশে ধর্ষণ ও সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন ১ হাজার ৩২১ নারী। এর মধ্যে ধর্ষণ-পরবর্তী হত্যার শিকার হয়েছেন ৪৭ জন এবং ধর্ষণের পর আত্মহত্যা করেছেন ৯ জন। বিভিন্ন ক্ষেত্রে যৌন হয়রানি ও উত্ত্যক্তকরণের শিকার হয়েছেন ১২৮ নারী। আর এই ২০২২ সালে এসে সেই সংখ্যা আরও বেড়েছে।

দেশ নারীবান্ধব হচ্ছে না তা উপরের পরিসংখ্যান থেকেই বোঝা যায়। আমাদের দেশে নারীরা কোন দিক দিয়েই নিরাপদবোধ করেন না। চলন্ত বাসে ধর্ষণ, কর্মক্ষেত্রে যৌন হয়রানি, সামাজিক মাধ্যমে যৌন হয়রানি, নিজের বাসায় থেকেও অনেক সময় নিরাপদ নয় নারী। কিন্তু কেন, একান্তই কি ধর্ষণ ঘটে যৌন লালসার জন্যে? না, গবেষণা বলছে অনেক পুরুষ ধর্ষণ করেন নারীর প্রতি ক্ষমতার বহিঃপ্রকাশ করতে। ১৯৭৫ সালে নারীবাদী লেখক সুসান ব্রাউন মিলার বলেন, ধর্ষণের সঙ্গে যৌন লালসার সম্পর্ক নেই, যা আছে তা হলো নিয়ন্ত্রণ করা এবং দাবিয়ে রাখা, ডমিনেট করা। যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব দ্য সাউথের মনোবিজ্ঞান বিষয়ের অধ্যাপক ও গবেষক শেরি হ্যাম্বির মতামতও ঠিক একই। তিনিও মনে করেন যৌন নির্যাতন, যৌন তৃপ্তি বা যৌন আকাঙ্ক্ষার জন্য ধর্ষণ ঘটে না। বরং মানুষকে দমন করা এবং ক্ষমতা প্রদর্শনের ভাব থেকে ঘটে থাকে।

বাংলাদেশ এখনো পুরুষতান্ত্রিক সমাজ। এখনো এদেশে নারীর প্রতি পুরুষের দৃষ্টিভঙ্গি পাল্টায়নি এক চুলও এবং খুব দুঃখ করেই বলতে হয়, এদেশের শিক্ষিত পুরুষরাও নারীর ক্ষমতায়নকে কটু চোখে দেখে। তাইতো এখনকার শিক্ষিত তরুণ সমাজও নারীর পোশাকের বিরুদ্ধে প্লাকার্ড হাতে দাঁড়াতে পারে। যতদিন নারীর ক্ষমতায়ন এবং নারীর প্রতি পুরুষের ক্ষমতা প্রদর্শনের রীতি পরিবর্তন হবে না ততদিন ধর্ষণের মতো নিকৃষ্ট কাজ থামানো যাবে না। ধর্ষণ শুধুমাত্র যৌন লালসা থেকেই হয় না, ধর্ষণ পুরুষত্ব দেখানোর একটি মানসিক ব্যাধিও। এছাড়া বিচারব্যবস্থায় পক্ষপাতিত্ব ধর্ষণ বাড়াচ্ছে এবং অনেক সময় ক্ষমতার কেন্দ্রে থেকে রাজনৈতিক সংস্পর্শে এসে অনেক অপরাধী ধর্ষণ করেও বিচার ব্যবস্থার বাইরে থাকে, যা সমাজে ভুল তথ্য সরবরাহ করে। অনেক মানবাধিকার কর্মী মনে করেন এই অপরাধীদের যদি নিশ্চিত আইনের আওতায় আনা যায় তাহলে ধর্ষণ কমে যাবে। আইনের আওতায় আসবে না কিংবা দেশে আইনের ফাঁক দিয়ে বেরিয়ে যেতে পারবে ভেবেও অনেকে এ ধরণের অপরাধে জড়ায়। অর্থাৎ নারীর প্রতি এই ধরনের জঘন্য অপরাধের শাস্তি অনিবার্য করতে হবে। কেউ যেন ছাড় না পায় সেটি প্রতিষ্ঠিত করতে হবে।

ধর্ষণ থামাতে হবে। ধর্ষণের বিরুদ্ধে এত সোচ্চার হওয়ার পরেও কেন ধর্ষণ থামছে না, এই প্রশ্ন খুঁজে বের করতে হবে এখনি। নারীর নিরাপত্তা জোরদার করতে হবে এই বলে বলে গলা শুকিয়ে গেছে,বরং বাস্তবিক প্রয়োগ ঘটাতে হবে। দেশের প্রধানমন্ত্রী নারী, যিনি নারী ক্ষমতায়নে রেখেছেন অবদান, তার দেশে নারীর প্রতি এত সহিংসতা, ধর্ষণ মেনে নেয়া যায় না। সমাজকে নারী বান্ধব করার সময় এসেছে এখনি ,এই মুহূর্তে। ওঁৎ পেতে থাকা হায়নাদের থামাতে হবে। ধর্ষণ, নারী নির্যাতনের বিরুদ্ধে আইনকে হতে হবে কঠোর, এবং এই পরিপ্রেক্ষিতে সব মামলার সুষ্ঠু তদন্ত এবং বাস্তবিক প্রয়োগ দেখাতে হবে। এই হায়েনাদের এখানেই থামাতে হবে।

লেখক: জুনিয়র ইন্টার্ন

CS Scanned with CamScanner

Photo 24: Paper Published Copy

Online Link: https://epaper.sangbadsarabela.com/nogor-edition/2022-11-18/4

My Mistake:

Before Editing:

১।দেশে ধর্ষণ বাড়ছে কেন?

২।২০২১ সালের দিকে যদি তাকাই

৩। ধর্ষণ পুরুষত্ব দেখানোর একটি মানসিক ব্যাধিও।

After Editing:

১। এই হায়নাদের থামাতে হবে.

২। ২০২১ সালের পরিসংখ্যানের দিকে যদি তাকাই

৩। ধর্ষণ শুধুমাত্র যৌন লালসা থেকেই হয়না, ধর্ষণ পুরুষত্ব দেখানোর একটি মানসিক ব্যাধিও।

My Learning:

1. How some Word make report deeply
2. Don’t use Same word again and again
3. Use different Word for maximum understanding
4. Use simple Word

Internship Outcomes

As a result of the internship my attainment and drawbacks are as followed:

- Larned to take responsibilities.
- Build Network.
- Larned how to research for news Article.
- Writing Skill is improved.
- Larned Avro typing.
- Larned to Organized work.
- Value of time Management.
- Larned working under presser.

Workplace LOG











8 October

লক্ষ্মীপুরে হত্যার দায়ে ৮ জনের যাবজ্জীবন
(লক্ষ্মীপুর প্রতিনিধি, মোঃ মাহমুদুর রহমান)

১৫ বছরের কিশোরীকে ধর্ষণ, গ্রেফতার ৬০ বছরের বৃদ্ধ

কোটি টাকার স্বর্ণ জব্দ
(বেনাপোল প্রতিনিধি, এম কে নাসির উদ্দিন।

মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ
(পাবিপ্রবি প্রতিনিধি, রাকিবুল ইসলাম তনু



10 October

নীলফামারীতে প্রতিবন্ধী কিশোরী অন্তঃসত্ত্বা।
(নীলফামারী প্রতিনিধি, রাহাত সুমন।

ফুলবাড়ীতে ফুলকপির বাম্পার ফলন
(কুড়িগ্রাম প্রতিনিধি Md. Alamin)



9 october

ভুল চিকিৎসায় শিশুর মৃত্যু
(ভোলা প্রতিনিধি, আবু বকর সিদ্দিক)

দেওয়ানগঞ্জে আওয়ামীলীগ সম্মেলন
স্থগিত (প্রতিনিধি, মাসুদ আহমদ)

নদী থেকে শিশুর লাশ উদ্ধার।
(কক্সবাজার প্রতিনিধি, ফরিদুল আলম
শাহীন।

নওগাঁয় বিজিবি - বিএসএফ পতাকা
বৈঠক (নওগাঁ প্রতিনিধি, লোকমান
আলী।



oct 19

১/ বরিশালে কোস্ট গার্ডের অভিযানে
১ লক্ষ ২০ হাজার মিটার জাল সহ
১০ জন জেলে আটক।

২/ কুড়িগ্রামে পরকীয়ার জেরে
খুন।

৩/ রাবির হলের [illegible] তেলাপোকা,
ডাইনিং বন্ধ।

বানান চেক। (টিচার)



04 November

→ দিনাজপুর হয়েও জিপিএ-৫

→ কাপ্তাইহ্রদে নিষেধাজ্ঞা বাড়ল ১১ ডিসেম্বর পর্যন্ত।



01 November

(১) পার্বতীপুরে লাউয়ের বাম্পার ফলন

(২) ফেসবুকের আয়ে চলছে সংসার

(৩) [illegible] বালু লিমিটেড

(৪) নোয়াখালীতে [illegible] বেশি পেয়েছে



02 November

বানান চেক

⇒ খেজুর রস আহরণে ব্যস্ত নওগাঁর গাছিরা।

⇒ বীরগঞ্জে বাসচাপায় দম্পতি নিহত



NOV – 11

১। একসঙ্গে জন্ম নিয়ে ৩ সন্তানের মৃত্যু।

২। ভেঙে ফেলা হয়েছে তাসলিমা নাসরিনের [illegible]।

↓

বানান এবং নতুন শব্দ

← জয়পুরহাটে নিহত ২ —

⇒ চালের জন্য সর্বোপরি লম্বা লাইন (শেরপুর)



NOV – 10

= ববিতে আন্তর্জাতিক [illegible] দিবস পালিত।

= কমলনগরে তীর রক্ষা বাঁধ নির্মাণে ধৈর্য।

বানান চেক →

সংস্কারের অভাবে হারিয়ে যাচ্ছে ৩০০ বছরের পুরনো [illegible] বাড়ি।

কুড়িগ্রাম প্রতিনিধি আসলাম প্রধান বল দিতে হবে, আমন [illegible] সংক্রান্ত নিউজ পাঠালেন।



7 December

08 am

গোপালগঞ্জ মুক্ত দিবস পালিত।
(গোপালগঞ্জ প্রতিনিধি, হায়দার আলী)

11 am

রাঙ্গুতে পাহাড় ধ্বসে একই পরিবারের ৪ জন নিহত। (অর্পন বড়ুয়া)

12 am

মিটিং।

8 December

07 am: পটুয়াখালীতে চতুর্থ শ্রেণীর ছাত্রী ধর্ষনের প্রতিবাদে মানব বন্ধন (পটুয়াখালী প্রতিনিধি, রাকিবুল ইসলাম তনু)

10 am: বিএনপির নেতাকর্মীর নিঃশর্ত মুক্তির দাবি জিয়া পরিষদের

12 am: গাড়িতে অগ্নিসংযোগ এ ছাত্রদল কর্মী গ্রেফতার। (চট্টগ্রাম প্রতিনিধি (ফরিদুল আলম শাহ)

04 pm: ছাত্রদল নেতাকে পিটিয়ে পুলিশে দিল ছাত্রলীগ

MSJ043

SELF-ASSESSMENT FORM

The purpose of this survey is to obtain students input on how they think they have performed.

Name of Intern: ___Umma Hani__________

University ID: _____181012014__________

Name of the Institute/Organization:	Sangbad Sarabela
Corporate Office Address:	Khairunnesa Mansion, 1205 Elephant Road, Dhaka

Email:	sangbadsarabela26@gmail.com	Web:	https://sangbadsarabela.com

1. During a typical week, approximately how many hours did you dedicate to your internship?

40

2. Was your internship paid? If yes, how much?

Yes, 6,000 BDT

3. Was your site supervisor available to meet when needed? Tick any one of the following.

☐Not at all ☐Slightly ☐Moderately ☐Quite a bit ☑A great deal

4. Next, we would like to know how you were affected by your internship. Using the scale below, please indicate the degree to which participation in your internship experience increased or strengthened your abilities, attitudes, awareness or understanding in each of the areas identified:

1=Not at all 2=Slightly 3=Moderately 4=Quite a bit 5=A great deal

NO	CRITERIA (Personal)	RATING
1	I have a sense of satisfaction in doing something worthwhile.	5
2	I believe in my ability to make a difference.	5
3	I am open to new experiences.	5
4	I have gained the capacity to be more productive.	5
5	I can recognize my personal strengths.	5
6	I can recognize my personal weaknesses.	5
7	I have a sense of personal achievement.	5
8	I have the ability to persevere in difficult tasks	5
NO	CRITERIA (Social/Interpersonal Impact)	
9	I demonstrate concern for the welfare of others	5
10	I can be understanding and appreciative of people with diverse backgrounds	5
11	I have the ability to work cooperatively with others	5

12	I have the ability to communicate effectively	5
13	I have increased my ability to be a leader	4
14	I feel more connected to my community	4
NO	CRITERIA (Academic learning impact)	
15	I have acquired knowledge from the job duties I performed	5
16	I have broadened my critical thinking skills (reasoning, problem solving)	5
17	I have learnt the ability to work independently	5
18	I feel my classroom learning was enriched	5
19	I have the ability to connect academic subject matter to the real world.	5
NO	CRITERIA (EMPLOYMENT/JOB SPECIFIC IMPACT)	
20	I developed specialised technical skills for a specific job function	5
21	I broadened my future employment possibilities	5
22	I received an opportunity to explore a specific career	5
23	I developed realistic ideas about the work world	5
24	I narrowed my future possible career choices.	4
25	**What is your average score from this test?**	4.88

5. General Comments

Joining a news house as an intern was completely new to me. The work environment in the office and my co-workers were all very supportive and friendly. If there is a mistake in any work, they gave me advice on how to get rid of that mistake. I can say in one word that my three-month hands-on learning journey has been a success. And for this success I must give the credit to my colleagues and the work environment in the office.

Signature of Intern

Professional Competencies

My professional competencies after the intern are as followed:

- I have improved my writing skill
- I have improved my communication skill
- Improve my thinking ability
- Learn working under presser
- Inprove my Confidence lavel
- Learn about News house organaigation behavior
- How to work with team
- Learn how to deal with problems

Appendix

Some of other projects and works are given below:

1) I edit this news send by Barisl representative Mosaddek Howlader. This news was published on 8 October.

দৈনিক
সংবাদ সারাবেলা
মানুষের কথা বলে

পরিত্যক্ত প্লাস্টিকের বোতল দিয়ে স্বপ্নের 'বোতল বাড়ি'

মো. মোছাদ্দেক হাওলাদার, বরিশাল

বাতিল মানেই ফেলনা নয়; এবার পরিবেশের ক্ষতিকারক রঙ-বেরঙের পরিত্যক্ত প্লাস্টিকের বোতল দিয়ে ভূমিকম্প রোধক ও বুলেট প্রুভ বাড়ি নির্মাণ কাজ শুরু করে ব্যাপক আলোড়ন সৃষ্টি করেছেন এক দন্ত চিকিৎসক। স্থানীয়দের কাছে বাড়িটি 'বোতল বাড়ি' হিসেবে পরিচিতি লাভ করেছে।

পাঁচকক্ষ বিশিষ্ট এ বাড়িটির নির্মাণকাজ চলমান থাকতেই সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে বোতল বাড়ির একাধিক ছবি ভাইরাল হওয়ার পর গোটা বরিশাল জুড়ে আলোচনার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। ছাদ ঢালাইয়ের কাজ বাকি থাকা বোতল বাড়িটি দেখতে প্রতিদিন বিভিন্নস্থান থেকে উৎসুক মানুষ আসছেন। স্বপ্নের এ বোতল বাড়িটি নির্মাণের কাজ শুরু করেছেন বরিশালের আগৈলঝাড়া উপজেলার রামানন্দেরআঁক গ্রামের বাসিন্দা ও গৌরনদী মডেল থানা কমপ্লেক্স সংলগ্ন এলাকার দন্ত চি-কিৎসক পলাশ চন্দ্র বাড়ৈ।

স্থানীয় বাসিন্দা রনজিত মিস্ত্রি বলেন, শুরুতে পলাশের ইচ্ছের কথা শুনে এলাকাবাসী তেমনভাবে বিষয়টিকে গুরুত্ব দেয়নি। শুধু দেখেছেন ট্রাকে করে পলাশ প্লাস্টিকের বোতল বাড়িতে আনছেন। এরপর সেই বোতলগুলোর মধ্যে লোক দিয়ে বালু ভড়াচ্ছে, আর বলছে এ দিয়েই বাড়ি বানাবে। কিন' কীভাবে বাড়ি হবে তা তাদের মাথায় আসছিলো না। একই গ্রামের স্বপন কুমার বলেন, প্রথমে বিষয়টি ভ্রুক্ষেপ না করলেও যখন অবকাঠামোটি ধীরে ধীরে দাঁড়িয়ে যেতে থাকে, তখন সবাই অবাক হয়েছে। সবার মনের ভেতরেই অন্যরকম একটা অনুভূতি কাজ করতে থাকে। আশপাশের সবাই এখন বোতল বাড়িটি দেখার মতো হয়েছে বলেই মন্তব্য করছেন। আশাপাশের হাট-বাজারেও বোতল বাড়ি নিয়ে এখন আলোচনা হচ্ছে।

পলাশের বাবা অবসরপ্রাপ্ত প্রধানশিক্ষক জ্যোতিষ চন্দ্র বাড়ৈ বলেন, ইন্টারনেটে জাপানী প্রযুক্তির বোতল বাড়ি দেখে আমাদের কাছে পলাশ বোতল দিয়ে বাড়ি বানানোর কথা বলে। প্রথমে আমরা তাকে নিষেধ করি। পরে তার অনুরোধে বাড়ি বানানোর অনুমতি দিতে বাধ্য হয়েছি। এখন দেখি ভালোই হয়েছে। সবাই বাড়ি দেখতে আসছে, পলাশের প্রশংসাও করছে। পলাশের স্ত্রী জুঁই রানী দাশ বলেন, নির্মানাধীন বোতল বাড়ি দেখতে আসা মানুষের কাছে স্বামী পলাশ চন্দ্র বাড়ৈর প্রশংসা শুনে বেশ ভালোই লাগছে।

অভিনব পদ্ধতিতে বাড়ি নির্মাণের সাথে জড়িত থাকতে পেরে ব্যাপক খুশি রাজমিস্ত্রী ও শ্রমিকরা। বোতল বাড়ি নির্মান কাজের সাথে জড়িত শ্রমিকরা বলেন, বাড়িটি নির্মাণে ইটের বদলে প্লাস্টিকের পরিত্যক্ত বোতল আর বালু ব্যবহার করা হয়েছে। পরিত্যক্ত প্লাস্টিকের বোতলগুলোর মধ্যে বালু ভরে তা ব্যবহার করা হয়েছে বাড়ির দেয়ালের গাঁথুনি তৈরিতে। ইতোমধ্যে ইটের বদলে প্লাস্টিকের বোতল দিয়েই বাড়ির দেয়ালের গাথুনির কাজ সম্পন্ন করা হয়েছে। পাশাপাশি বাড়ির পাশের পুকুরের ঘাটলাও নির্মান করা হয়েছে বোতল দিয়ে।

রাজমিস্ত্রী মতি সিকদার বলেন, বিগত ১০ বছর ধরে আমি রাজমিস্ত্রির কাজ করি। বোতল দিয়ে বাড়ি বানানো এটাই আমার জীবনের প্রথম কাজ। পলাশের পরামর্শ অনুযায়ী বাড়ি নির্মাণ কাজ শুরু করি। কাজ যতদুর করা হয়েছে, তাতে নিশ্চিত বাড়ির নির্মাণ কাজ খুবই মজবুত হয়েছে। যেকোন প্রাকৃতিক দুর্যোগে বাড়ির তেমন কোনো ক্ষতি হবেনা। আসন্ন দুর্গাপূজার পর বাড়ির ছাদ ঢালাইয়ের কাজ শুরু করা হবে বলেও তিনি উল্লেখ করেন।

বোতল বাড়ি নির্মাণের উদ্যোক্তা পলাশ চন্দ্র বাড়ৈ বলেন, প্লাস্টিকের বোতল দিয়ে এভাবে বাড়ি নির্মানের প্রযুক্তিটা মূলত জাপানি।

প্রযুক্তিটা আমার কাছে ভালো লেগেছে। কারণ এ বাড়ির প্রতিটি দেয়াল শীতে গরম আর গরমে ঠান্ডা থাকবে। ফলে বাড়ির ভেতরটাও আবহাওয়া অনুযায়ী বসবাসের উপযোগী হবে। এছাড়া প্লাস্টিকের বোতলগুলো ফ্ল্যাক্সিবল হওয়ায় এটা ভূমিকম্প রোধক। পাশাপাশি দেয়ালগুলো বুলেট প্রুভ। আর বাড়িটি ইটের চেয়ে ৮০ গুন বেশি শক্ত।

Photo: Edited News

2) I translated this International news. This news was published on 20 October.

দৈনিক সংবাদ সারাবেলা

প্রকাশনার ৬ বছর

মানুষের কথা বলে

সোমালিয়ায় হাজারো শিশুর মৃত্যুর কারণ হতে পারে অপুষ্টি: ইউনিসেফ

আন্তর্জাতিক ডেস্ক

সোমালিয়ায় গুরুতর অপুষ্টিতে ভুগতে থাকা হাজার হাজার শিশু মৃত্যুর ঝুঁকিতে রয়েছে বলে সতর্ক করে দিয়েছে জাতিসংঘের শিশু তহবিল (ইউনিসেফ)।

ইউনিসেফের মুখপাত্র জেমস এল্ডার জেনেভায় সাংবাদিকদের বলেছেন, বড় কোনো পদক্ষেপ আর অর্থায়ন যদি না বাড়ানো হয় তবে সেখানে এত বেশি শিশুর মৃত্যু হবে যা অর্ধ শতাব্দীতে দেখা যায়নি। তিনি আরও বলেন, প্রতি মিনিটে গুরুতর অপুষ্টিতে ভুগতে থাকা একটি শিশুকে চিকিৎসার জন্য স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করা হচ্ছে।

সর্বশেষ হিসাবে দেখা যাচ্ছে যে আগস্টের পর ৪৪ হাজার শিশুকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিগত কয়েক মাস ধরেই আফ্রিকা ৪০ বছরের মধ্যে সবচেয়ে গুরুতর অনাবৃষ্টির সম্মুখীন হচ্ছে। এর গুরুতর নেতিবাচক প্রভাব পড়েছে আফ্রিকার কয়েকটি দেশের ২ কোটির বেশি মানুষের ওপর।

চলতি বছর ইউনেসেফের কর্মীরা গুরুতর পুষ্টিহীনতার শিকার ৩ লক্ষাধিক শিশুর প্রাণ বাঁচায়। আর গত ৩ মাসে ইউনিসেফের জরুরি পানি পরিবহন প্রকল্প ৫ লাখ মানুষের জন্য খাবার পানি সরবরাহ করে।

জেমস এল্ডার বলেন, গুরুতর অপুষ্টিতে ভুগছে এমন শিশুদের ডায়রিয়া এবং হামে মারা যাওয়ার সম্ভাবনা সুপুষ্ট শিশুদের তুলনায় ১১ গুণ বেশি। সব মিলিয়ে সোমালিয়া এমন একটি ট্র্যাজেডির দ্বারপ্রান্তে রয়েছে যা কয়েক দশকে দেখা যায়নি।

Photo: Edited News

3) I edited this news sebd by Narail Representative. This news was published on 25 November.

দৈনিক সংবাদ সারাবেলা

মানুষের কথা বলে

নড়াইলে অতিথি পাখি নিধন থামছে না

নড়াইল প্রতিনিধি

নড়াইলের খাল-বিল ও জলাশয়ে আসতে শুরু করেছে। আর এই অতিথি পাখির আগমনের কারণেই স্থানীয় চোরা শিকারিরা আইনের প্রতি বৃদ্ধাঙুলি দেখিয়ে মেতে উঠেছে পাখি নিধনের মহোৎসবে। সর্বত্র অতিথি পাখি শিকার যেন উৎসবে পরিণত হয়েছে। এ ব্যাপারে প্রশাসনও একেবারেই নিরব ভূমিকা পালন করছে। ইতোমধ্যে নড়াইলের তিনটি উপজেলার চাঁচুড়ী বিল, ইছামতি বিল, কাড়ার বিল, নলামারা বিল, গোপালপুর-বগুড়ার বিলসহ বিভিন্ন খাল-বিল ও জলাশয়ে হাজার হাজার অতিথি পাখির কলকাকলিতে মুখর হয়ে উঠেছে।

এদের মধ্যে বালি হাঁস, কালকোচ, কায়েম, ডুঙ্কর, পানকৌড়ি, পাতাড়ি হাঁস, হাঁস ডিঙ্গি, কাদা খোঁচা, খয়রা, ঢেগা, কাচিচোরা, মদনটাক, শামুখখোলা ও বক অন্যতম। অতিথি পাখি শিকারের জন্য ব্যবহার করা হচ্ছে ফাঁদসহ নানা ধরনের অভিনব পদ্ধতি। চোরা শিকারীর কারণে এ অঞ্চলে অতিথি পাখির অবাধ বিচরণের স্থানগুলো ক্রমান্বয়ে তাদের জন্য মরণ ফাঁদে পরিণত হয়েছে।

সূত্র মতে, প্রতিবছর শীতের শুরুতেই শীত প্রধান দেশগুলো থেকে বিভিন্ন প্রজাতির অতিথি পাখি আসে। এরা মূলত নভেম্বর-ডিসেম্বর থেকে ঝাঁকে ঝাঁকে আমাদের দেশে আসে। মার্চ-এপ্রিল মাস পর্যন্ত অবস্থান করে। শীত শেষ হলে আবার তারা নিজেদের দেশে ফিরে যায়। এবারও তার ব্যতিক্রম ঘটেনি। স্থানীয় একাধিক শিকারীরা জানায়, একসময় মাছ ও ফড়িং জাতীয় কীট-পতঙ্গে বিষটোপ দিয়ে, ঘুমের ওষুধ মিশিয়ে কিংবা ফাঁদ পেতে পাখি শিকার করতো। তবে এখন পাখি শিকারে শিকারী চক্র তথ্য প্রযুক্তির সহায়তায় সহজেই বোকা বানাচ্ছে এসব পাখিদের। দীর্ঘদিন ধরে এসব বিল ও জলাশয়ে শিকারী রাতের বেলা বিভিন্ন প্রজাতির পাখির ডাক ডাউনলোড করছে স্ব স্ব মোবাইলে। এরপর রাতের আকাশে পাখিদের আনাগোনা দেখে বিল ও জলাশয়ের বৃহৎ এলাকা জুড়ে বড় আকারের জালের ফাঁদ পেতে মোবাইলের মাধ্যমে ওইসব পাখির ডাক সাউন্ড বক্সে বাজানো শুরু করছে।

এরপর পাখিরা ওই টোন শুনে মনে করছে তাদের অন্যান্য সঙ্গীরা সেখানে নিরাপদে অবস্থান করছে। আর শিকারীদের এসব নিতানতুন প্রতারণায় প্রলুব্ধ হয়ে নিচে নামতেই জড়িয়ে পড়ছে পেতে রাখা ফাঁদে। এভাবে প্রতিদিন সন্ধ্যার পর থেকে শুরু করে গভীর রাত পর্যন্ত অভিনব কায়দায় নির্বিচারে পাখি নিধন করছে।

Photo: Edited News

4) I edited this news sebd by Narail Representative. This news was published on 25 November.

দৈনিক সংবাদ সারাবেলা
প্রকাশনার ৬ বছর
মানুষের কথা বলে

সীতাকুণ্ডে শীতকালীন সবজি চাষে কৃষকদের আগ্রহ বাড়ছে

আবুল খায়ের, সীতাকুণ্ড (চট্টগ্রাম)

সীতাকুণ্ডে রূপবান শিমসহ শীতকালীন সবজি চাষে কৃষি পরিবারে বাড়ছে আগ্রহ। উপজেলার বিভিন্ন প্রান্তে কৃষি জমিতে দেখা যাচ্ছে সবজি বিপ্লব। দক্ষিণ মহাদেবপুরে মোঃ শামসুর নুরের ১৮ শতক জমিতে এবার রূপবান শিম গাছের ফুল ও লতায় মাচা ভরে গেছে।
রূপবান শিমের মাচায় ফুল-ফলের গন্ধে দারুন খুশী কঠোর পরিশ্রমী এ চাষি। শিমের বাম্পার ফলনে শামসুর নুরের পরিবারে বিরাজ করছে স্বপ্নের আলো। পার্শ্ববর্তী জমিতে মাচার ফাঁকে বালাইনাশক স্প্রে করছে আরেক চাষী সফিউল আলম। এবার বসতবাড়ী সংলগ্ন জমিতে রূপবান শিম ও বিভিন্ন হাইব্রীড জাতের লাউ চাষ করেছেন তিনি। সচেতন এ চাষি জানান, বিভিন্ন পোকা-মাকড়, সাদা মাছি ও লাউ ছিদ্রকারী পোকার আক্রমন থেকে রক্ষায় নিয়মিত স্প্রে করে থাকেন তিনি। সফিউল আলম লাউ উৎপাদনে ভালো বাজার মূল্য পাওয়ার ব্যাপারে আশাবাদী বলে জানান। সীতাকুণ্ড বাজারে দক্ষিণ মহাদেবপুরের সবজির ব্যাপক চাহিদা থাকার কথা জানান স্থানীয় ব্যবসায়ী মোঃ লোকমান হোসেন সীতাকুণ্ড উপজেলার বগাচতর, মহানগর, বহরপুর, টেরিয়াইল, বড় দারোগারহাট, পশ্চিম সৈয়দপুর, ভাটেরখীল, মুরাদপুর, গুলিয়াখালী, অলিনগর, নড়ালিয়া এবং আকিলপুরে রূপবান শিমসহ আগাম শীতকালীন সবজির বাম্পার ফলনে কৃষি জমির বাজারমূল্যসহ দিন দিন বৃদ্ধি পাচ্ছে ভৌগোলিক গুরুত্ব। উৎপাদিত সবজির মধ্যে শিম ছাড়াও রয়েছে বরবটি, ঝিঙ্গা, টমেটো, শসা, শালগম, মুলা, ফুলকপি, পাতাকপি, ঢেড়স, বেগুন, মিষ্টিকুমড়া, লাউ, জালিকুমড়া, চালকুমড়া, কইডা এবং চিচিঙ্গাসহ বিভিন্ন হাইব্রীড জাতের আগাম শীতকালীন সবজি।

Photo: Edited News

5) I edited this news send by Comilla Representative. This news was published on 10 December**.**

দৈনিক সংবাদ সারাবেলা

মানুষের কথা বলে

কিশোর গ্যাংয়ের ছুরিকাঘাতে কলেজছাত্র নিহত

কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লার চৌদ্দগ্রামে ব্যাডমিন্টন খেলাকে কেন্দ্র করে কিশোর গ্যাংয়ের ছুরিকাঘাতে মো. পাবেল নামে এক কলেজছাত্র নিহত হয়েছেন। জেলার চৌদ্দগ্রাম উপজেলার আলকরা গ্রামে গত বৃহস্পতিবার রাত ৯টার দিকে এ ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেছেন চৌদ্দগ্রাম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শুভরঞ্জন চাকমা। নিহত পাবেল উপজেলার গুণবতী এলাকার নুরুল ইসলামের ছেলে। তিনি ফেনী মহিপাল সরকারি কলেজের শিক্ষার্থী।

পুলিশ ও স্থানীয়রা জানায়, পাবেল নিজ বাড়ি গুণবতী থেকে পাশের আলকরা গ্রামে নানা বাড়িতে বেড়াতে যান। সেখানে স্থানীয় কিশোরদের সঙ্গে রাতে ব্যাডমিন্টন খেলতে যান তিনি। এ সময় একদল কিশোর নিজেরা খেলবে বলে পাবেল ও তার সঙ্গীদের মাঠ থেকে উঠে যেতে বলে। ওই সময় কিশোরদের সঙ্গে কথা-কাটাকাটির একপর্যায়ে তারা এলোপাতাড়ি পাবেলকে ছুরিকাঘাত করে পালিয়ে যায়।

Photo: Edited News

6) I edited this news send by Lakshmi Pur Representative. This news was published on 5 December.

দৈনিক সংবাদ সারাবেলা

প্রকাশনার ৬ বছর

মানুষের কথা বলে

রামগঞ্জে জমে উঠেছে শীতের কাপড়ের ব্যবসা

রামগঞ্জ (লক্ষ্মীপুর) প্রতিনিধি

কড়া নাড়ছে শীত। ঋতু শরৎকে বিদায় দিয়ে হেমন্তকে বরণ করেছে প্রকৃতি। সারাদিন রোদের রাজত্ব শেষে সন্ধ্যা নামতেই বদলে যাচ্ছে তাপমাত্রা। ভোরের দিকে চাদর বিছিয়ে দিচ্ছে কুয়াশা। সকালের শুরুতেই দেখা মিলছে সবুজ প্রকৃতির মাঝে হেমন্তের শিশির বিন্দু।

এই শিশির বিন্দু জানান দিচ্ছে শীতের আগমনী বার্তা। তবে এখনও জেঁকে বসেনি শীত। শীতকে মোকাবিলা করতে উপজেলার ফুটপাত ও বড় বড় বস্ত্রবিতানগুলোতে গরম কাপড়ের পসরা নিয়ে বসেছেন দোকানিরা। প্রতিনিয়তই তরুণ-তরুণীদের ফ্যাশন পরিবর্তন হচ্ছে। তাই তাদের যদি নতুন কোনো রূপে দেখা যায়, তাহলে অবাক হওয়ার কিছুই নেই।

সরেজমিন ঘুরে দেখা গেছে, বিশেষ করে জিয়া শপিং কমপ্লেক্স, নুরপ্লাজা, নিউ মার্কেট, সোনাপুর বাজারসহ উপজেলার বিভিন্ন এলাকায় ফুটপাতগুলোতে শীতবস্ত্রের যেন মেলা বসেছে। এই বিপণিবিতানগুলোতে শীতের পোশাক কিনতে জড়ো হচ্ছেন ক্রেতারা। তবে ব্যবসায়ীরা বলছেন বেচা-কেনা এখনও জমে ওঠেনি। ছেলেদের জন্য শীত উপলক্ষে জ্যাকেটের পাশাপাশি ফুলহাতা টি-শার্ট, ফুলহাতা শার্ট, খদ্দর কাপড়ের আরামদায়ক ট্রাউজারও আছে। এছাড়া গরম কাপড় বিক্রির হাঁকডাক ফুটপাত, হকার মার্কেট থেকে শুরু করে অভিজাত বিপণি কেন্দ্রেও চাদর, কম্বল, সুয়েটার, জ্যাকেট, মাফলার, ব্লেজার, ক্যাপ, হাত ও পায়ের মোজাসহ, হরেক কাপড়ের সমাহার বাজারে। রামগঞ্জ উপজেলার বিভিন্ন ফুটপাতে চলছে গরম কাপড়ের সুয়েটার, জ্যাকেট, বেজার, কম্বলসহ সব ধরনের শীতের কাপড় পাওয়া যাচ্ছে। শীতে আঁটসাঁটো নয়, বরং ঢিলেঢালা পোশাকই পরতে আগ্রহী কিশোরী আর তরুণীরা। পশমী বা উলের ক্রুসকাটার কাজ করা সোয়েটার পরছেন অনেকেই। সোজা কাটের পোশাকের সঙ্গে বেছে নিতে পারেন হাঁটু পর্যন্ত লম্বা ব্লেজার।

জ্যাকেট আর ব্লেজারের সংমিশ্রণে তৈরি নতুন ধরনের শীতের পোশাক উঠে আসছে তরুণদের পছন্দের তালিকায়। বিশেষ করে মধ্যবিত্ত থেকে শুরু করে বিভিন্ন পেশার মানুষ এখন গরম কাপড় সংগ্রহ করতে ফুটপাতের দোকান গুলোতে ভিড় করছে। সুয়েটার ২শ থেকে ৩শ টাকা, জ্যাকেট ৪শ থেকে দেড় হাজার টাকা, বেজার ৫শ থেকে হারাই হাজার থেকে তিন হাজার পর্যন্ত বিক্রি হচ্ছে। রামগঞ্জের বিভিন্ন বাজারে ব্যবসায়ীরা পাইকারি দরে কাপড় কিনে নিয়ে যায় কয়েকজন ব্যবসায়ীরা জানায়, একসময় বিদেশ থেকে পুরাতন কাপড় আমদানি করে গরম কাপড়ের চাহিদা মেটানো হতো। তবে এখন দেশেও গরম কাপড় তৈরি হচ্ছে।

Photo: Edited News

.

7) Regular News Editing:

Photo: Editing News

Concluding Remarks

Working as a Sub-Editor is an amazing experience. I got confident in my works now. I am now a best option for Sub-Editing.

I have always found journalism to be a very challenging profession. Today, while working professionally in any news house, I go through those challenges every moment. Internship is not only a three-month work experience but also a start to a new part of life. I am grateful to all of my university, teachers, colleagues, friends and family for helping me face the upcoming new challenges.

Thank you.